

ঢাকা ওয়াসা

- ১। এফ.এম বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। পূর্ব অনুমোদিত দরের কপি।
- ৩। জোন হতে প্রাপ্ত চিঠি ও সার্ভে রিপোর্ট।
- ৪। আলোচ্য কাজের তালিকা।
- ৫। ক্যালকুলেশন।
- ৬। প্রাক্কলন।

Name of Work: Repair and Rising of Electrical Transformer C.C pad with necessary construction works at MODS Zone-2 & MODS Zone-3 under F.M.Division-1 of Dhaka WASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। অনুচ্ছেদ-১ হতে ৫ অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার ৬৫০ টির ও অধিক পাম্প স্টেশনের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজের দায়িত্ব এফ.এম বিভাগ-১ এর উপর ন্যস্ত রয়েছে। তন্মধ্যে অধিকাংশ পাম্প স্টেশনের বিদ্যমান সাব স্টেশন গুলির ফাউন্ডেশন দীর্ঘ দিনের পুরানো। যার ফলে পুরানো ফাউন্ডেশন ফেটে বা জরাজীর্ণ হয়ে রয়েছে বিধায় সাব-স্টেশনগুলি ঝুঁকিপূর্ণ অবস্থার মধ্যে রয়েছে। তাছাড়া বর্ষাকালে অনেকগুলি পাম্প স্টেশন এবং সাব-স্টেশনের ফাউন্ডেশন বৃষ্টির পানিতে নিমজ্জিত হয়ে থাকে। বর্তমানে প্রায় সকল পাম্প হাউজ বাণু দিয়ে উচু করার কারনে ট্রান্সফরমারের বেস ও পাম্প হাউজের ভিতর সমান হওয়ায় অল্প বৃষ্টিতে ট্রান্সফরমারটি পানির ভিতর ডুবে যায়। এসকল কারনে অনেক ট্রান্সফরমারের বেসের বিভিন্ন অংশ ভাঙ্গা বা ফেটে আলাদা হয়ে যায়। কিছু কিছু ট্রান্সফরমার বেস ভেঙ্গে ও ডেবে যাওয়ায় ট্রান্সফরমার একদিকে হেলে যায়। বিভিন্ন জোন থেকে সময় সময় এসকল বেস মেরামতের জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া Sub Station Annual Periodical Maintenance এর সময় ও সাইট ভিজিটে অনেক বেস ক্ষতিগ্রস্ত অবস্থায় দেখা যায়। কম্পাউন্ডের সৌন্দর্য বৃদ্ধি ও নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে এসকল ট্রান্সফরমার বেস দৃষ্টি গোচর হওয়া মাত্রই মেরামত করা জরুরী। এতদ্বলক্ষ্যে, অত্র নথিতে ৩৪ টি পাম্পের ক্রটিযুক্ত সাব-স্টেশনের ফাউন্ডেশন পুনঃ নির্মাণ এবং মেরামতসহ আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য পূর্বনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলনে মোট ব্যয়ভার দাড়িয়েছে = ১৭,২১,২২৮/০০৪ (সতের লক্ষ একুশ হাজার দুইশত আঠাশ দশমিক শূন্য শূন্য চার) টাকা মাত্র। ট্রান্সফরমার বেস উচু ও মেরামতের সময়ে যে সব মালামাল প্রয়োজন হবে। যেমন: প্রয়োজনীয় HT ক্যাবল, LT ক্যাবল ও অন্যান্য ইলেকট্রিক্যাল মালামাল অত্র বিভাগের বিভাগীয় ভান্ডার হতে সরবরাহ করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার এফ.এম.বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। যা পরবর্তীতে সংশোধিত বাজেট প্রাপ্তি সাপেক্ষে সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে। তবে কাজটি জরুরী এবং বর্তমানসময় মৌসুমে পানির চাহিদা কম থাকায় কাজটি সম্পাদন করা সহজ সাধ্য হবে বিধায় এখনই নথিটি উপস্থাপন করা হল।

০২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০২৫ এর ৭৮ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tender Method (OTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e-PW2(A) অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

০৩। এমতাবস্থায়, Repair and Rising of Electrical Transformer C.C pad with necessary construction works at MODS Zone-2 & MODS Zone-3 under F.M.Division-1 of Dhaka WASA. কাজের জন্য উপস্থাপিত = ১৭,২১,২২৮/০০৪ (সতের লক্ষ একুশ হাজার দুইশত আঠাশ দশমিক শূন্য শূন্য চার) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০২৫ এর ৭৮ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tendering Method (e-GP) উন্মুক্ত দরপত্র প্রক্রিয়ায় দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যাহা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

(মোঃ আরাফাত ইসলাম খান)
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ ফাটিক চাঁদ মিয়া
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

মোঃ মিজানুল হক
(যুগ্মসচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (সহ) (ওএসসি)
ঢাকা ওয়াসা।

৩৪/১৮-১৮৮৮ ২২:০৬-১০-১৮৮৮ ২২(২০২৬)

২৪/১৮৮৮
২০২৬

০৩০২
২০২৬

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াশা।

১৮
১৮/০৮/২৬

১৮
০৬/০১/২০২৬

০৮/১৮-১৮৮৮ (৪) এর অনুমোদনের অন্তর্ভুক্ত
অনুমোদনের প্রকৃতি নিম্ন।

০৮/০২/২০২৬

AR

০৮/০২/২০২৬

মোঃ আব্দুস সালাম
সিবিআই প্রকৌশলী
এফ.এম.বিভাগ-২, ঢাকা ওয়াশা।

১৮/১৮৮৮ ১৮-১৮৮৮
০৮/০২/২৬